

Freepost Plus RTJX-CLCZ-JSXH
MEHIS
Craigmillar Health Centre
106 Niddrie Mains Road
Edinburgh
EH16 4DT

Minority Ethnic Health Inclusion Service

মাইনরিটি এথনিক হেলথ ইনক্লুশন সার্ভিস
(স্বাস্থ্য সেবার মধ্যে সংখ্যালঘু সম্প্রদায়কে অন্তর্ভুক্ত করা)

Craigmillar Health Centre

106 Niddrie Mains Road
Edinburgh EH16 4DT
অফিসের টেলিফোন নাম্বার
0131 536 9544
MEHIS@nhslothian.scot.nhs.uk

সার্ভিস ম্যানেজার
0131 536 9581

বাংলাদেশী লিংকওয়ার্কার
0131 536 9543
07771 504 802

চাইনিজ লিংকওয়ার্কার
0131 536 9547
07771 504 668

পাকিস্তানী/ভারতীয় লিংকওয়ার্কার
0131 536 9542
07825 681 884

অন্যান্য লিংকওয়ার্কার
0131 536 9548
07824 606 520


সাপোর্ট ওয়ার্কার
0131 536 9546
07825 273 967



Bengali

MEHIS

মাইনরিটি এথনিক হেলথ ইনক্লুশন সার্ভিস
(স্বাস্থ্য সেবার মধ্যে সংখ্যালঘু সম্প্রদায়কে অন্তর্ভুক্ত করা)



স্বাস্থ্য ও মানসিক অবস্থার
উন্নতি করবার জন্য সকলে এক সাথে
কাজ করছে

মেহিস-এর লক্ষ্য হল লোদিয়ানের সর্বত্র কালো, সংখ্যালঘু
সম্প্রদায় / রেফিউজি গোষ্ঠীর স্বাস্থ্য ও মানসিক অবস্থার
উন্নতি করা

July 2016

মেহিস (MEHIS) আমার জন্য কি করতে পারে ?

উপদেশ ও তথ্য

মেহিস যা করতে পারে তা হল

- হেলথ সার্ভিস (স্বাস্থ্য সেবা) ও অন্যান্য সার্ভিস সম্বন্ধে তথ্য ও উপদেশ দেওয়া
- আপনার নিজের ভাষায় কি ভাবে তথ্য পেতে পারেন সেই বিষয়ে খোঁজ দেওয়া অথবা ইংরেজি ভাষায় লেখা তথ্য বুঝতে সাহায্য করা।

মাল্টি-লিঙ্গুয়াল (বহুভাষী) লিংকওয়ার্কার/ অ্যাডভোকেসী সার্ভিস

মেহিস যা করতে পারে তা হল

- হেলথ সার্ভিস (স্বাস্থ্য সেবা) ও অন্যান্য সার্ভিস, এমন কি ডাক্তারের সুপারিশ ছাড়াও আপনি নিজে যে সার্ভিসগুলি পেতে পারেন, সেগুলি ব্যবহার করতে সাহায্য করা
- এন এইচ এস সার্ভিসগুলির বিষয়ে বুঝিয়ে বলা ও উপযুক্ত এজেন্সীর সাথে আপনার যোগাযোগ করিয়ে দেওয়া
- স্বাস্থ্যবিদদের সাথে কথা বলতে সাহায্য করা বা আপনার হয়ে কথা বলা
- আপনার নিজস্ব রীতিনীতি যাতে মানা হয়, তা নিশ্চিত করা
- আপনার চিকিৎসার বিষয়ে সব কিছু জেনে বুঝে সিদ্ধান্ত নেবার জন্য আপনার যে সব তথ্যের প্রয়োজন তা আপনার জানা আছে কিনা সেটা নিশ্চিত করা
- আপনার স্থানীয় এলাকায় বা আপনার সম্প্রদায়ের বা ধর্মের অন্য সাহায্যকারী সংস্থার সাথে আপনার যোগাযোগ করিয়ে দেওয়া
- আপনার জীবনযাত্রার মান ও জীবনের পরিস্থিতি উন্নত করার জন্য সার্ভিসগুলি ব্যবহার করতে সাহায্য করা।

মেহিসের সাহায্য বিনা খরচে ও গোপনে

দেওয়া হয়ে থাকে

- লোদিনিয়ারের সর্বত্র মেহিস সকল সংখ্যালঘু সম্প্রদায়ের জনগণের সাথে কাজ করে থাকে
- মেহিস-এ সংখ্যালঘু সম্প্রদায়ের কর্মীরা কাজ করেন যাঁরা অনেক ভাষায় কথা বলতে পারেন

- এন এইচ এস (জাতীয় স্বাস্থ্যসেবা)-র বিষয়ে কোনও উদ্বেগ বা অভিযোগ থাকলে আপনাকে সেই বিষয়ে সহায়তা দেওয়া।

মেহিস কি ভাবে সেটা করবে ?

মেহিস লিংকওয়ার্কারেরা :

- আপনার উদ্বেগের কারণ নিয়ে আলোচনা করবার জন্য আপনার সাথে দেখা করবেন
- ডাক্তারের সাথে বা অন্যত্র কোথাও আপনার অ্যাপয়েন্টমেন্ট থাকলে, আপনার সাথে যাবেন, যদি প্রয়োজন হয়
- আপনার যদি শুধুমাত্র ভাষাগত কোনও সাহায্যের দরকার হয়, তাহলে মেহিস ইন্টারপ্রেটেশন সার্ভিস (যারা দোভাষীর কাজ করে থাকে)-এর সাথে আপনার যোগাযোগ করিয়ে দেবেন (মেহিস ইন্টারপ্রেটেশন সার্ভিস নয়)

আমি কি ভাবে মেহিস-এর সাথে যোগাযোগ করব ?

এই লীফলেটের পিছনে দেওয়া যে কোনও টেলিফোন নাম্বার ব্যবহার করে, আপনি নিজে, আপনার পরিবারের কেউ বা আপনার কোনও বন্ধু মেহিস-এর সাথে যোগাযোগ করতে পারেন।

কমিউনিটি গ্রুপ (সামাজিক গোষ্ঠী)-গুলির জন্য মেহিস কি করতে পারে ?

বিভিন্ন সামাজিক গোষ্ঠীগুলির স্বাস্থ্যের উন্নতি করবার জন্য এন এইচ এস বন্ধপরিষদ। মেহিস স্বাস্থ্যবিদ ও অন্য পেশাজীবী, ধর্মীয় ও সামাজিক গোষ্ঠীগুলির সাথে একযোগে কাজ করবে এবং তাদের উদ্দেশ্য হবে :

- এন এইচ এস-এর বিষয়ে সংখ্যালঘু সম্প্রদায়ের জনগণ যাতে তাঁদের মতামত প্রকাশ করতে পারেন সেটা নিশ্চিত করা
- প্রাইমারী কেয়ার সার্ভিস (সাধারণ স্বাস্থ্যসেবা)-র ব্যবস্থা করা, যা সকলে সমান ভাবে পেতে পারবে, এবং যেখানে তাদের ধর্মীয় ও সামাজিক রীতিনীতিগুলির প্রতি নজর রাখা হবে
- সংখ্যালঘু সম্প্রদায়ের জনগণের স্বাস্থ্যের উন্নতির জন্য পরিকল্পনা করা ও সেই কাজে সহায়তা দেওয়া
- স্বাস্থ্য সম্পর্কীয় পরীক্ষার ব্যবস্থা করা

প্রস্তাব

আমরা সর্বদাই আমাদের সার্ভিসের উন্নতি করতে চেষ্টা করে থাকি এবং আপনাদের মতামত জানতে চাই। অনুগ্রহ করে এই ফর্মটা পূরণ করে মেহিস-এর ঠিকানায় পোস্ট করে দেবেন বা মেহিস ম্যানেজারের সাথে
0131 536 9581 নাম্বারে টেলিফোন করবেন।

মেহিস-এর সার্ভিস সম্পর্কে আপনার মতামত কি ?

- অত্যন্ত ভালো 😊😊
- ভালো 😊
- সন্তোষজনক 😐
- ভালো নয় 😞

কোন বিষয়গুলি ভালো ছিল ?

কোন বিষয়গুলি ভালো ছিল না ?

আপনি কি ভাবে মেহিস-এর সার্ভিস উন্নত করতে চান ?

ধন্যবাদ

ফর্ম পূরণ করা হয়ে গেলে, অনুগ্রহ করে ফর্ম ছিঁড়ে ফেলবেন, আঠা দেওয়া ধার ভিজিয়ে, দাগ বরাবর ভাঁজ করে বন্ধ করবেন ও তারপরে উলটো দিকে লেখা ফ্রীপোস্ট ঠিকানায় পোস্ট করে দেবেন।